

AO/CA-  
১৫/০০/০০০০/০২৪.১৮.০০৩.২৩.৬০  
১৫/০০/০০০০/০২৪.১৮.০০৩.২৩.৬০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

টিভি-২

বাংলাদেশ সচিবালয়, সচিবকেট সহকারী/নোটিশ বোর্ড

www.moi.gov.bd

তারিখ: ২/৬/২০

উপজেলা নির্বাহী অফিসার

তারিখ: ৪ আষাঢ়. ১৪৩০

১৮ জুন ২০২৩

স্মারক নম্বর: ১৫.০০.০০০০.০২৪.১৮.০০৩.২৩.৬০

বিষয়: অনুমোদনহীন সেটটপ বক্স ব্যবহার, অবৈধ উপায়ে পাইরেসি করে গ্রাহক পর্যায়ে বিদেশি পে-চ্যানেলসমূহ বিতরণ এবং আইপি টিভিতে অবৈধভাবে সংবাদ সম্প্রচার বন্ধকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কেবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ লঙ্ঘন করে কিছু সংখ্যক ক্যাবল অপারেটর এবং অসাধু ব্যক্তি বা প্রতিষ্ঠান ক্যাবল অপারেটর লাইসেন্সের শর্ত ভঙ্গ করে অনুমোদনহীনভাবে ডিটিএইচ যন্ত্রপাতি, সেটটপবক্স ইত্যাদিসহ অন্যান্য যন্ত্রপাতি ব্যবহারপূর্বক অবৈধ উপায়ে অনেক ক্ষেত্রে ক্লিনফিড ব্যাতিরেকে বিদেশি পে-চ্যানেল পাইরেসি করে ডাউনলিংকপূর্বক বিতরণ করছে যা বেআইনী।

০২। জাতীয় অনলাইন গণমাধ্যম নীতিমালা-২০১৭ (সংশোধিত ২০২০) লঙ্ঘন করে কিছু কতিপয় ব্যক্তি নিবন্ধিত/অনিবন্ধিত আইপি টিভি ও ইউটিউব চ্যানেলে কৌশল অবলম্বন করে অবৈধভাবে সংবাদ সম্প্রচার করছে যা সরকারি নীতিমালার পরিপন্থী।

০৩। এমতাবস্থায়, আপনার অধিক্ষেত্রে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ক্যাবল অপারেটর লাইসেন্সের শর্ত ভঙ্গকারী/অনুমোদনহীনভাবে ডিটিএইচ যন্ত্রপাতি, সেটটপবক্স ইত্যাদি ব্যবহারকারী/প্রযুক্তির সাহায্যে অবৈধভাবে ফিড পাইরেসি করে ক্লিনফিড ব্যতীত ক্যাবল টিভি নেটওয়ার্ক পরিচালনাকারী ও নিবন্ধিত/অনিবন্ধিত আইপি টিভিতে/ইউটিউব চ্যানেলে অবৈধভাবে সংবাদ প্রচারকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:

(ক) কেবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬,

(খ) জাতীয় অনলাইন গণমাধ্যম নীতিমালা, ২০১৭,



১৮-৬-২০২৩

ড. ভেনিসা রাডিক্স

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ২২৩৩৫১১৩৫

ইমেইল: tv2@moi.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ
- ২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
- ৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর
- ৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর
- ৬) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী
- ৭) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
- ৮) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
- ৯) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সিগঞ্জ